

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মানিক মিয়া

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে স্নাতক ১ম বর্ষের ক্লাস শুরু আজ



২৫ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ

g কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ১ম বর্ষের ক্লাস শুরু হচ্ছে আজ রবিবার। গত ২৩ মার্চ সব কয়টি ইউনিটের ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

এ শিক্ষাবর্ষে ছয়টি অনুষদের অধীনে ১৯টি বিভাগে ১ হাজার ৪০ জন শিক্ষার্থী ভর্তি করা হয়েছে। মোট ৫৪ হাজার ৮০৯ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেন। গত ২৩ ফেব্রুয়ারি ‘এ’ ও ‘বি’ এবং ২৪ ফেব্রুয়ারি ‘সি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সাক্ষাৎকার অনুষ্ঠিত হয় ১১ মার্চ এবং ১২ মার্চ। সাক্ষাৎকার গ্রহণ শেষে ১২ মার্চ চূড়ান্ত ফলাফল ঘোষণা হয়। চূড়ান্ত ফলাফল ঘোষণার পর ১৩ মার্চ থেকে ১৯ মার্চ পর্যন্ত ভর্তি কার্যক্রম এবং ২০ মার্চ থেকে ২৩ মার্চ পর্যন্ত বিভাগ পরিবর্তনের কার্যক্রম সম্পন্ন হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত